ইয়ূথ এন্ডিং হাঙ্গারের মেহেরপুর জেলা কমিটি গঠন

আত্মশক্তিতে বলিয়ান হও এমনই ব্যক্তিত্ব গড়ে সমাজের ঘোর প্রতিপাদ্য দুর করার লক্ষে ইয়ুথরাই পারে আমাদের সমাজের তথা বিশ্বপরিচ্ছন্ন রাখতে। এ প্রজন্মের মুল চাবিকাঠি তরুণ প্রজন্ম এই প্রতিপাদ্যে ইয়ূথ এন্ডিং হাঙ্গারের মেহেরপুর জেলা কমিটি গঠন করা হয়েছে।

আজ শনিবার (১৯ অক্টোবর) মেহেরপুরের গাংনী দি হাঙ্গার প্রজেক্ট এরিয়া অফিসে মেহেরপুর জেলা ইয়ূথদের নিয়ে এ জেলা কমিটি গঠন করা হয়।

বর্তমান মেহেরপুর জেলা কো অর্ডিনেটর ইনজামামুল হকের সঞ্চালনায় অতিথি হিসেবে উপস্থিত ছিলেন যশোর অঞ্চলের আঞ্চলিক সমন্বয়কারী ফিরোজ আহম্মেদ পলাশ, সাবেক আঞ্চলিক সমন্বয়কারী রাকিবুল ইসলাম রকি ও গাংনী এরিয়া সমন্বয় কারী হেলাল উদ্দীন।

গনতান্ত্রিক প্রক্রিয়ায় ভোটে কো-অর্ডিনেটর হিসেবে নির্বাচিত হলেন জাকির হুছাইন, যুগ্ম কো-অর্ডিনেটর রায়হান আলী, যুগ্ম কো- অর্ডিনেটর (মেয়ে) শিরিন শারমিন সন্ধ্যা, অর্থ সম্পাদক শাহিদা খাতুন, গণযোগাযোগ সম্পাদক সীমা খাতুন, কর্মশালা শাওন রেজা ও কার্যনির্বাহী সদস্য জান্নাতুল ফেরদৌস বন্যাসহ ৭ সদস্য বিশিষ্ট কমিটি করা হয়।